

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৩৯

তারিখ: ১০ আশ্বিন ১৪২৫

২৫ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট এ একটি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩-০৯-২০১৮ তারিখের  
৩৭.০২.০০০০.১০৩.৯৯.০৩০.১৬/৭৬৯৭নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট এর পরিবহন তহবিল ও উন্নয়ন তহবিল হতে ৪৫,০০,০০০ (পয়তাল্লিশ লক্ষ) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তে ০১ (এক) টি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

- ক) গাড়ি ক্রয়ে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- খ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণক্রমে অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী গাড়ি ক্রয় করতে হবে;
- গ) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- ঘ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের অধীনস্থ প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর দরপত্র অনুযায়ী গাড়ী ক্রয় করতে হবে;
- চ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ছ) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড থেকে গাড়ী ক্রয় করতে হবে।

২৫-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.২৩৯/১(৫)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, বিয়ানীবাজার সরকারি কলেজ, সিলেট।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব